দৈনিক খবর

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ — 14 OCT 1988
পৃষ্ঠা ... 11 ... কলাম ... 1 ...

৩৬

00-059

# লোক সংস্কৃতি ইন্সটিটিউট প্রতিষ্ঠা করা হবে

—নূর মোহাম্মদ

সংস্কৃতি প্রতিমন্ত্রী জনাব নূর মোহাম্মদ খান বলেছেন, সরকার দেশের লোকসংস্কৃতি সংগ্রহ, সংরক্ষণ এবং এর আরও জনপ্রিয়তার জন্য দেশে একটি জাতীয় লোক সংস্কৃতি ইন্সটিটিউট প্রতিষ্ঠা করার পরিকল্পনা নিয়েছে। তিনি বলেন, প্রস্তাবিত ইন্সটিটিউট দেশের লোক সংস্কৃতি সংগ্রহ, সংরক্ষণ এবং এর আরও উন্নয়নের জন্য ব্যাপক গবেষণা করবে।

প্রতিমন্ত্রী গতকাল ঢাকায় বাংলাদেশ জাতীয় যাদুঘরের মিলনায়তনে ফকির লালন-এর মৃত্যুবার্ষিকী উপলক্ষে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথির বক্তৃতা করছিলেন।

ডঃ আশরাফ সিদ্দিকীর সভাপতিত্বে এ সভায় সংস্কৃতি মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব সৈয়দ আহমদ ও জনাব মোস্তফা জামান আব্বাসী বক্তৃতা করেন।

প্রতিমন্ত্রী বলেন, আমাদের জাতীয় সংস্কৃতি মূলতঃ আমাদের দেশীয় লোক সংস্কৃতি নির্ভর। আর মরমী কবি ফকির লালন হলেন আমাদের লোক সংস্কৃতির অন্যতম প্রধান পুরুষ। তিনি বলেন, ফকির লালন তাঁর অমর লোক সংগীতের মাধ্যমে এ অঞ্চলের জনগণের সাথে স্থায়ী সম্পর্ক স্থাপন করে গেছেন।

জনাব নূর মোহাম্মদ খান বলেন, লালন শাহ্ ছিলেন মরমী ও মানবতাবাদী কবি। তিনি তাঁর দীর্ঘ সাধনার মাধ্যমে আমাদের লোক সংস্কৃতিকে ঐতিহ্যমণ্ডিত করে গেছেন।